অসহায়দের জন্য শীতের রাতে মেহেরপুর পুলিশের উষ্ণ সাহায্য

মেহেরপুর জেলা পুলিশ গভীর রাতে অসহায়, দুস্থ ও ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করে এক উজ্জ্বল মানবিক দৃষ্টান্ত স্থাপন করেছে।

জেলা পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের নেতৃত্বে গতকাল শনিবার রাতে মেহেরপুর ও গাংনী এলাকার অসহায়, প্রতিবন্ধী এবং দুস্থ মানুষের হাতে কম্বল তুলে দেওয়া হয়। শীতের তীব্রতায় কষ্ট পাওয়া মানুষদের জন্য এটি ছিল এক উষ্ণ ও মানবিক সহায়তা।

এ সময় পুলিশ সুপারের সঙ্গে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ জামিনুর রহমান খান এবং অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম।

আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টে বারাদি ইউনিয়ন চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল অনূর্ধ্ব-১৭ টুর্নামেন্টের বারাদি ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

আজ শনিবার বিকেলে অনুষ্ঠিত ফাইনাল খেলায় বাড়াদি ইউনিয়ন পরিষদ টাইব্রেকারে ৫-৩ গোলে প্রতিবেশী পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে। তীব্র প্রতিদ্বন্দ্বিপূর্ণ খেলায় নির্ধারিত সময়ে কোন দলই কোন গোল করতে না পারায় শেষ পর্যন্ত টাইব্রেকারের আশ্রয় নিতে হয়। এতে বারাদি ইউনিয়নের পক্ষে আকাশ, সামিউল আলম, পরশ, রিয়াদ এবং রিফাত একটি করে গোল করেন।

পিরোজপুরের পক্ষে সুমন, জাহিদ হাসান এবং সাদ্দাম একটি করে গোল করেন। পিরোজপুরের সাদ্দাম সর্বোচ্চ গোলদাতা এবং বাড়াদির গোলরক্ষক জিহাদ সেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন। এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, সরকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক তরিকুল ইসলাম পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

কুতুবপুর ইউনিয়নের শোলমারী গ্রামে বিএনপি’র পথসভা

মেহেরপুরে সদর উপজেলা কুতুবপুর ইউনিয়নের শোলমারী পাঠানপাড়া নসিমন স্টান্ড গ্রাম বিএনপি’র পথসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার জানুয়ারি সন্ধ্যা ছয়টার দিকে কুতুবপুর ইউনিয়নের শোলমারী পাঠানপাড়া নসিমন স্ট্যান্ডে বিএনপি’র পথসভা আয়োজন করা হয়েছে।

কুতুবপুর ইউনিয়নের শোলমারী গ্রামের বিএনপি’র পথসভা অনুষ্ঠানে মেহেরপুর জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম এর সঞ্চালনায় কুতুবপুর ইউনিয়নের শোলমারী গ্রামের বিএনপি’র পথসভা অনুষ্ঠানে রফিকুল ইসলামের সভাপতিত্বে পথসভা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম-আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, এই সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক আলমগীর খান সাতু, সাবেক ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন জেলা মহিলা দলের সহ সভাপতি ছাবিহা সুলতানা জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি সহ

বিএনপি’র নেতাকমী উপস্থিত ছিলেন পথসভা অনুষ্ঠানের পরে শোলমারী পাঠানপাড়া নসিমন স্ট্যান্ডে বিএনপি’র শোলমারী ২ নং ওয়ার্ডের অফিসে উদ্বোধন করা হয়।

মেহেরপুরে জেলা মহিলা দলের লিফলেট বিতরণ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্রকাঠামো মেরামতে ৩১ দফার সাধারণ মানুষের সামনে তুলে ধরতে মেহেরপুরে পথসভা ও লিফলেট বিতরণ করেছে জেলা মহিলা দল।

শনিবার (১৮ই জানুয়ারি) বিকেলে মুখার্জি পাড়া জেলা বিএনপির কার্যালয় থেকে এই লিফলেট বিতরণ কার্যক্রম শুরু হয়। এসময় তারা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমীর সামনে গিয়ে এ লিফলেট বিতরণ কার্যক্রম শেষ করেন।

জেলা মহিলা দলের উপদেষ্টা রুমানা আহম্মেদ ও জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানার নেতৃত্বে পথসভা ও লিফলেট বিতরণ কার্যক্রম উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

এসময় তিনি বলেন, আপনারা যদি শেখ হাসিনার বিচার করতে চান তাহলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ছায়াতলে থাকতে হবে। আওয়ামীলীগের সকল দুর্নীতির বিচার এই বাংলার মাটিতেই হবে ইনশাআল্লাহ। তাই

আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে।

এছাড়াও এসময় জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সহ-সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, নাহিদ আহম্মেদ, ইমন বিশ্বাস জনি, সাবেক মেম্বার জাহানারা খাতুন, রাকিবা খাতুন, শান্তি, মেরিনা, নুরজাহানসহ নারী নেতৃবৃন্দ ও কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে যুব মহিলা দলের লিফলেট বিতরন

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক জাতির সামনে উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা জনগনের মাঝে তুলে ধরতে মুজিবনগরে পথচারীদের মাঝে লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা যুব মহিলা দল।

শনিবার দুপুরে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে জেলা যুব মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়নের নেতৃত্বে সাধারণ পথচারীদের মাঝে এ লিফলেট বিতরন করা হয়।

এ সময় জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা যুব মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি পলি আক্তার, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, যুগ্ম সাধারন সম্পাদক পারুলা খাতুন, স্বেচ্ছাসেবক সম্পাদক সোনিয়া আক্তার, অর্থ বিষয়ক সম্পাদক রুপালী খাতুনসহ যবু মহিলা দল নেত্রী নাজমুন নাহার রীনা, ফিরোজা আক্তার পপি, রশিদা, বীনা, রোজিনা, আলেয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিক উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিক উদযাপন উপলক্ষে মেহেরপুরে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

শনিবার (১৮ জানুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর সরকারি কলেজ চত্বরে জেলা সাবেক ছাত্রদলের আয়োজনে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়।

জেলা ছাত্রদলের প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ হাফিজুর রহমানের (হাফি) সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি আব্দুল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ভিপি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক আক্কাস আলী ও আব্দুল আউয়াল।

অনুষ্ঠানের আয়োজন করেন সাবেক যুগ্ন আহবায়ক মেহেরপুর জেলা ছাত্রদলের মুস্তাফিজুর রহমান (খোকন), সাবেক ভিপি মেহেরপুর সরকারি কলেজ ও সদস্য সচিব কাজী আজিজুল ইসলাম (টোকন)।

হাফিজুর রহমান হাফিজের সঞ্চালনায় সভায় এছাড়াও জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, আবদাল হক, মুস্তাকিন, শহীদুল্লাহ, ফাহমিদা, আমির ফয়সাল মিলন, কবির হোসেনসহ ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে উদীচীর দ্বি-বার্ষিক

সম্মেলন পণ্ড

মেহেরপুর উদীচী শিল্পীগোষ্ঠীর জেলা সংসদের অষ্টম দ্বি-বার্ষিক সম্মেলন পণ্ড হয়েছে। জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) এবং বিএনপি’র কয়েকটি অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের বাধার মুখে সম্মেলন অনুষ্ঠানটি পন্ড হয়। আজ শুক্রবার সকাল ১১ টার সময় পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী উদীচীর মেহেরপুর জেলা শাখার সদস্যরা জেলা শিল্পকলা একাডেমিতে উপস্থিত হন।

অপরদিকে সকাল থেকেই জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আজমল হোসেন মিন্টু ও যুবদল নেতা মশিউল আলম দিপুর নেতৃত্বে বিএনপির বিভিন্ন অঙ্গ সংগঠনের ১৪/১৫ জন নেতাকর্মী সম্মেলন স্থলে উপস্থিত হন। তারা যেকোন মূল্যে উদীচীর সম্মেলন প্রতিহত করার ঘোষণা দেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে এসময় মেহেরপুর সদর থানার ওসি নেতৃত্বে পুলিশের একটি টিম সেখানে যায়।

যুবদল নেতা মশিউল আলম দিপু কে বলেন, ‘উদীচী সংগঠনটি ইতিপূর্বে ফ্যাসিস্ট আওয়ামীলীগের লোকদের দ্বারা পরিচালিত হয়েছে। এজন্য শিল্পকলা একাডেমিতে উদীচীর অনুষ্ঠানটি আমরা প্রতিহত করেছি। ভবিষ্যতেও মেহেরপুর জেলার কোথাও উদীচী কোন অনুষ্ঠান করতে গেলে সেটাও আমরা যেকোন মূল্যে প্রতিহত করবো।’ জাসাস মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব বাঁকা বিল্লাহ বলেন, ‘বিগত দিনে আওয়ামী লীগ সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন দল ও সংগঠনের উপর ভর করে চলেছে। উদীচী এমনই একটি সংগঠন।

সব সময় আওয়ামী পৃষ্ঠপোষকতায় চলার পর এখন যদি তারা বলে আমাদের সাথে আওয়ামী লীগের কোন সংশ্লিষ্টতা নেই, সেটা আমরা মেনে নেব না।’ উদীচী শিল্পি গোষ্ঠীর মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব এডভোকেট মিজানুর রহমান বলেন, ‘এখানে যারা নেতা সেজে অনুষ্ঠান বন্ধ করছেন, ৫ আগস্ট এর আগে তাদের চেহারাও দেখা যেত না। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শুরু থেকেই উদীচী তাদের পাশে থেকেছে। গণঅভ্যুত্থানে উদীচী সদস্যদের অবদান কেউ অস্বীকার করতে পারবে না। মূল ঘটনা হলো বিএনপির একটি পক্ষের শীর্ষস্থানীয় এক নেতার ইন্ধনেই আমাদের অনুষ্ঠান পন্ড করার অপচেষ্টা চালানো হয়েছে।’

তিনি আরও বলেন, কিছুদিন পূর্বে জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ মেহেরপুর জেলা প্রশাসকের কাছে শিল্পকলা একাডেমির হলরুম বরাদ্দ চেয়েছিলেন। কিন্তু রাজনৈতিক পদ থাকাতে সে সময় তিনি অনুমতি পাননি। সেই ক্ষোভ তিনি আমাদের অনুষ্ঠান বন্ধ করার মাধ্যমে মিটিয়েছেন।’

মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দিন বলেন, ‘মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে দুই পক্ষের মুখোমুখি অবস্থানের ঘটনা জানতে পেরে আমি নিজে ঘটনাস্থলে গেছিলাম। উভয়পক্ষ নিজ নিজ অবস্থানে অনড় থাকাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটার আশংকা ছিলো। এজন্য পুলিশ সুপার ও জেলা প্রশাসকের পরামর্শে উদরচীর দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা সাময়িকভাবে বন্ধ করা হয়েছে।’

মেহেরপুরে সদর উপজেলা কুতুবপুর ইউনিয়নের ছাত্রদলের কর্মীসভা

মেহেরপুরে সদর উপজেলা কুতুবপুর ইউনিয়নের ছাত্রদলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেল চারটার দিকে মেহেরপুর সদর উপজেলা কুতুবপুর ইউনিয়নে ছাত্রদলের অনুষ্ঠানে আয়োজনে কুতুবপুর ইউনিয়নে ছাত্রদলের কুলবাড়ীয়া মাধ্যমিক

বিদ্যালয় মাঠে কর্মীসভা আয়োজন করা হয়েছে কর্মী সভা অনুষ্ঠানে মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি এর সঞ্চালনায় কর্মী সভা অনুষ্ঠানে জাহিদ হাসান স্বপনের সভািপিতত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট এহান উদ্দীন মনা, প্রধান বক্তা হিসেব উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক সাঈদ বিন রফিক সিজার, এই সময়

আরো বক্তব্য রাখেন জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মোঃ রাকিবুল ইসলাম সজল জেলা যুবদলের সদস্য মোঃ রেমিম, জেলা যুবদলের সদস্য জাহাঙ্গীর হোসেন, কুতুবপুর ইউনিয়নে ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক সোহাগ, কুতুবপুর ইউনিয়নের ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আসাবুল, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ,এ সময় আরো উপস্থিত ছিলেন জয়নাল আবেদীন, রাকিব, মোমিন, রহিদুল, শিমুল, মাহফুজ, সহ ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে তারুণ্যের উৎসব ভলিবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

পুরো টূর্ণামেন্ট জুড়েই ছিল দর্শকদের উচ্ছাস আর টান টান উত্তেজনা। দর্শকদের মূর্হমূর্হ করতালিতে দর্শক গ্যালারী ছিল উচ্ছাসিত। শ্বাসরুদ্ধকর প্রীতি ম্যাচে ৩-২ সেটে গাংনী পৌর ভলিবল দলকে পরাজিত করে বিজয় লাভ করেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়ন ভলিবল দল।

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “এসো দেশ বদলাই পৃথিবী বদলাই ’ এই প্রতিপাদ্য নিয়ে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ ক্যাম্পাসে আজ শুক্রবার বিকেল ৩ টার সময় টুর্নামেন্টের ৪র্থ দিনের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় গাংনী পৌর ভলিবল দলকে ৩-২ সেটে পরাজিত করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন ভলিবল দল উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন দল (বিজয়ী দলে) র শুভ। গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাটি উপভোগ করেন এবং চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনসুর রহমান, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, উপজেলা বিআরডিবি কর্র্মকর্তা মুস্তাফিজুর রহমান, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম, কাজীপুর ইউপি চেয়ারম্যার মুহঃ আলম হুসাইন, বাঁশবাড়ীয়া টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, ছাত্র সমন্বয়ক মুজাহিদুল ইসলাম প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন করমদি ডিগ্রি কলেজের শিক্ষক এ এস এম সায়েম পল্টু ও গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আতর আলী। ধারাভাষ্যে ছিলেন ক্রিড়া সংগঠক সুলেরী আলভী। ৫ টি দল নিয়ে লীগ টুর্নামেন্টে গতকাল বৃহস্পতিবার দিনব্যাপী খেলায় গাংনী পৌর ভলিবল দল ৮ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। পক্ষান্তরে উপজেলার তেঁতুলবাড়ীয়া ভলিবল দল ৬ পয়েন্ট নিয়ে রানার্স আপ লাভ করে।

খেলা শেষে বিজয়ী ও রানার্স আপ দলের টিম ম্যানেজমেন্টের হাতে পুরস্কার হিসেবে ট্রফি এবং খেলোয়াড়দের ম্যাডেল প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

দারিয়াপুরে বাঙালি ঐতিহ্য শীতকালিন পিঠা উৎসব অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুরে জাঁকজমকভাবে অনুষ্ঠিত হয়ে গেলো বাঙালির ঐতিহ্য পিঠা উৎসব ২০২৫। ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে, আজ শুক্রবার দিনব্যাপী দারিয়াপুর ভৈরব নদীর তীরে খেলার মাঠে এ পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিন ব্যাপি পিঠা উৎসবের

উদ্বোধন করেন।

ইভুলেশন অব দারিয়াপুরের সংগঠনের সদস্য ওয়াসিম আকরাম এর সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, দারিয়াপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম।

আয়োজকদের মধ্যে ছিলেন, ইভুলেশন অব দারিয়াপুর সংগঠনের সদস্য ফয়সাল আহম্মেদ তামিম, আব্দুল জাব্বার, সালাউদ্দিন লিজন, তানভির হোসেন, সাজেদুল হক জীবন। পিঠা উৎসব সম্পর্কে আয়োজকরা বলেন প্রতিবছরই ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে বাঙালির ঐতিহ্যকে ধরে রাখতে এবং নতুন প্রজন্মকে বাঙালির এই পিঠার সাথে পরিচয় করিয়া দেওয়ার জন্য এই পিঠা উৎসবের আয়োজন করা হয়। এবারও অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে এই পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে এই উৎসবে বিভিন্ন গ্রামের যুবক যুবতী ও মায়েরা বাঙালির ঐতিহ্য বিভিন্ন ধরনের পিঠা তৈরি করে এই উৎসবে নিয়ে এসেছেন।

পিঠা উৎসবে মোট ২০টি স্টল দেয়া হয়। বাহারীসব পিঠার পসরা সাজিয়ে বসেছিল পিঠার কারিগররা। উদ্বোধন শেষে স্টল গুলো ঘুরে দেখেন অতিথিরা।